

বিশ্বের সেরা এয়ারলাইনের স্বীকৃতি পেল এমিরেটস

- A Monitor Desk Report

Date: 13 November, 2024



ঢাকাঃ বিশ্বের সেরা এয়ারলাইনের মর্যাদা অর্জন করলো এমিরেটস। সম্প্রতি লন্ডনে অনুষ্ঠিত ‘আল্ট্রাস ২০২৪’ অ্যাওয়ার্ডসে এয়ারলাইনটিকে এই সম্মাননা দেওয়া হয়।

ব্যতিক্রমধর্মী, প্রোডাক্ট সেবা এবং অসাধারণ ভ্যালু-ফর-মানি অভিজ্ঞতার জন্য বিশ্বের হাজার হাজার ভ্রমণকারী সেরা এয়ারলাইন হিসেবে এমিরেটসকে বেছে নেয়।

মঙ্গলবার (১২ নভেম্বর) এক বিজ্ঞপ্তিতে এমিরেটস বাংলাদেশ বিষয়টি নিশ্চিত করেছে।

এমিরেটস বাংলাদেশ জানায়, লন্ডনের ক্যান্সিংটন প্রাসাদে সম্প্রতি আয়োজিত এক অনুষ্ঠানে পুরস্কারটি গ্রহণ করেন এমিরেটসের সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট (কমার্শিয়াল অপারেশনস ইউরোপ ও আমেরিকা) থিয়েরি অকস এবং যুক্তরাজ্যে এমিরেটসের ডিভিশনাল ভাইস-প্রেসিডেন্ট জাবর আল-আজিবি।

এমিরেটসের ‘ফ্লাই বেটার’ ভ্রমণ অভিজ্ঞতা এরইমধ্যে এবছর এয়ারলাইনটিকে ২০টির বেশি পুরস্কার এনে দিয়েছে, যার মধ্যে রয়েছে টেলিগ্রাফ ট্রাভেল কর্তৃক ‘বিশ্বের সেরা এয়ারলাইন’; ৯০টি বৈশ্বিক এয়ারলাইনের মধ্যে প্রথম; দা টাইমস এবং সানডে টাইমস ট্রাভেল অ্যাওয়ার্ডস-এ ‘সেরা এয়ারলাইন’।

এমিরেটস জানায়, ট্রাভেল সেক্টরে বিশ্বের মধ্যে অন্যতম সম্মানজনক পুরস্কার হিসেবে বিবেচিত হয় আল্ট্রাস। এক্ষেত্রে নেতৃস্থানীয় প্রতিষ্ঠানগুলোকে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কৃত করা হয়। বিজয়ীরা নিয়মিতভাবে ভ্রমণকারীদের ভোটে নির্বাচিত হয়। আল্ট্রাসট্রাভেল একটি স্বাধীন ও জনপ্রিয় ম্যাগাজিন, যা বিশ্বের প্রায় ১২ লাখ ভ্রমণকারী নিয়মিত পড়ে থাকেন।

এমিরেটস বর্তমানে ঢাকা থেকে সপ্তাহে ২১টি ফ্লাইট পরিচালনা করছে। বাংলাদেশিদের দুবাই এবং দুবাই থেকে বিশ্বের ১৪৮টি গন্তব্যে নিয়ে

যাচ্ছে তারা।

-B